

বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার কার্যক্রমের প্রতিবেদন- ডিসেম্বর ২০২৩

১। ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কর্মসূচীর উদ্বোধন। গত ১২ ডিসেম্বর ২০২৩ তারিখে বানৌজা পতেঙ্গার উদ্যোগে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কর্মসূচী মাতৃমঙ্গল ও শিশুসদন কেন্দ্র-১, নাবিক আবাসিক এলাকা-১, চট্টগ্রামে আয়োজন করা হয়। কর্মসূচীর শুভ উদ্বোধন করেন বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম শাখার চেয়ারম্যান মিসেস আইরিন জামান। উক্ত অনুষ্ঠানে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান এর পক্ষে জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী উপস্থিত ছিলেন। এছাড়া বিএনএফডব্লিউএ চট্টগ্রাম ও বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম শাখার কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত কর্মসূচীতে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়।



ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কর্মসূচী উপলক্ষে বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম শাখার চেয়ারম্যান ও বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার জেনারেল সেক্রেটারীকে বানৌজা পতেঙ্গা কর্তৃক অভ্যর্থনা।



ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইনে ৬ মাস থেকে ৫ বছর বয়সী শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ান বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম শাখার চেয়ারম্যান মিসেস আইরিন জামান।

২। মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান। মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে নৌ পরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের উদ্যোগে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা স্কুলের স্ব-স্ব শ্রেণিকক্ষে আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় নৌ পরিবার শিশু নিকেতন-১ ও ২ স্কুলের প্লে হতে ৫ম শ্রেণির পর্যন্ত উল্লেখযোগ্য সংখ্যক প্রতিযোগী অংশগ্রহণ করে। ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম অডিটরিয়ামে পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে অত্র শাখার চেয়ারম্যান এর পক্ষে জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী উপস্থিত থেকে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীদের পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে মহান বিজয় দিবস ২০২৩ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং নৌ প্রধানের বাণী পাঠ করে শোনানো হয়।



মহান বিজয় দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন অত্র শাখার জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী।



মহান বিজয় দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীদের মাঝে ফ্রেস্ট বিতরণ করেন
অত্র শাখার জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী।



রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার বিজয়ী শিক্ষার্থীদের সাথে আলোকচিত্রে অংশগ্রহণ করেন অত্র শাখার জেনারেল সেক্রেটারী নিশাত সিদ্দিকী ও কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।

৩। বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার ব্যবস্থাপনায় ‘স্বাস্থ্য বিষয়ক কর্মশালা’ আয়োজন। গত ২৭ ডিসেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ চট্টগ্রাম শাখার সার্বিক ব্যবস্থাপনায় বিএনএফডব্লিউএ চট্টগ্রাম অডিটরিয়ামে ‘স্বাস্থ্য বিষয়ক কর্মশালা’ আয়োজন করা হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান আলেয়া আকতার এবং বিশেষ অতিথি হিসেবে বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম শাখার চেয়ারম্যান মিসেস আইরিন জামান উপস্থিত ছিলেন। এছাড়া বিএনএফডব্লিউএ ও বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম শাখার কার্যনির্বাহী সদস্যবৃন্দ, নৌ পরিবার শিশু নিকেতন চট্টগ্রাম স্কুলের শিক্ষিকা, নির্ধারিত জেসিও এবং তদনিম্ন পদবীর নাবিকদের পত্নীগণ অংশগ্রহণ করেন। ‘স্বাস্থ্য বিষয়ক কর্মশালা’ এর বিষয়বস্তু ছিল মেনোপজ: নারী জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায় বিষয়ে সচেতনামূলক আলোচনা করেন প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ সার্জন কমান্ডার শাকিলা খানম, এফসিপিএস, এমসিপিএস, বিএন। সকলের স্বতঃস্ফূর্ত ও প্রাণবন্ত অংশগ্রহণের মাধ্যমে উক্ত অনুষ্ঠানটি সফলতার সাথে সম্পন্ন হয়।



স্বাস্থ্য বিষয়ক কর্মশালায় মেনোপজ: বিষয়ে সচেতনতামূলক আলোচনা করেন প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞ সার্জন কমান্ডার শাকিলা খানম, এফসিপিএস, এমসিপিএস, বিএন।



স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক কর্মশালায় আলোচককে উপহার প্রদান করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার।



‘স্বাস্থ্য বিষয়ক কর্মশালা’ উপলক্ষে আলোকচিত্রে অংশগ্রহণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার, বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম শাখার চেয়ারম্যান, কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ এবং কর্মশালার আলোচক।

৪। নৌ পরিবার শিশু নিকেতন চট্টগ্রাম স্কুলের বাৎসরিক মিলাদ মাহফিল ২০২৩, শ্রেষ্ঠ শিক্ষিকা এবং সেলাই প্রশিক্ষার্থীদের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান। গত ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার সার্বিক সহযোগিতায় নৌ পরিবার শিশু নিকেতন চট্টগ্রাম স্কুলের বাৎসরিক মিলাদ মাহফিল ২০২৩, শ্রেষ্ঠ শিক্ষিকা-২০২২ নির্বাচন ও ২০২৩ সালের সেলাই প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষার্থীদের সনদপত্র প্রদান অনুষ্ঠান বিএনএফডব্লিউএ চট্টগ্রাম অডিটরিয়ামে আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে অত্র শাখার সম্মানিত চেয়ারম্যান আলেয়া আকতার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া নৌ পরিবার শিশু নিকেতন চট্টগ্রাম স্কুলের অধ্যক্ষদয়, শিক্ষিকাবৃন্দ ও উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তিলাওয়াত পরিবেশন করেন নৌ পরিবার শিশু নিকেতন-২ চট্টগ্রাম স্কুলের শিক্ষার্থী সিনান আল সাদিক এবং ইসলামের দৃষ্টিতে শিক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচনা ও মোনাজাত করেন নৌ পরিবার শিশু নিকেতন-১ চট্টগ্রাম স্কুলের সহকারি শিক্ষিকা শাহজাহান বেগম চুমকি। অতঃপর নৌ পরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষিকাদয়কে শ্রেষ্ঠ শিক্ষিকা-২০২২ সার্টিফিকেট ও প্রাইজবন্ড প্রদান করা হয়। এরপর বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত সেলাই প্রশিক্ষণার্থীদের ২০২৩ সালের সেলাই সার্টিফিকেট বিতরণ করা হয়।



নৌ পরিবার শিশু নিকেতন স্কুলের বাৎসরিক মিলাদ মাহফিল ২০২৩ উপলক্ষ্যে ইসলামের দৃষ্টিতে শিক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচনা ও মোনাজাত করেন নৌ পরিবার শিশু নিকেতন-১ চট্টগ্রাম স্কুলের সহকারি শিক্ষিকা।



নৌ পরিবার শিশু নিকেতন-১ চট্টগ্রাম স্কুলের নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষিকা-২০২২ সহকারি শিক্ষিকা, পারভীন আক্তারকে সার্টিফিকেট প্রদান করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার।



নৌ পরিবার শিশু নিকেতন-২ চট্টগ্রাম স্কুলের নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষিকা-২০২২ সিনিয়র শিক্ষিকা, আফরোজা খাতুনকে সার্টিফিকেট প্রদান করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার।



নৌ পরিবার শিশু নিকেতন-১ ও ২ চট্টগ্রাম স্কুলের ২০২২ সালের নির্বাচিত শ্রেষ্ঠ শিক্ষিকাদের সাথে আলোকচিত্রে অংশগ্রহণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলেয়া আকতার, জেনারেল সেক্রেটারী ও সচিব শিক্ষা।



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত সেলাই প্রশিক্ষণার্থীদের ২০২৩ সালের সেলাই সার্টিফিকেট বিতরণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলোচনা আক্তার।



বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখা কর্তৃক পরিচালিত সেলাই প্রশিক্ষার্থীদের সাথে আলোকচিত্রে অংশগ্রহণ করেন
অত্র শাখার চেয়ারম্যান আলোয়া আকতার।

৫। বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার তত্ত্বাবধানে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠান। গত ২৯ ডিসেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ চট্টগ্রাম শাখার তত্ত্বাবধানে কল্যাণমূলক কর্মসূচীর আওতায় গরীব ও দুঃস্থ শীতাত্ত মানুষদের জন্য শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিএনএফডব্লিউএ চট্টগ্রাম শাখার চেয়ারম্যান আলোয়া আকতার, চেয়ারম্যান বিএন লেডিস ক্লাব চট্টগ্রাম, চট্টগ্রাম নৌ অঞ্চলের উর্দ্ধতন কর্মকর্তাগণের পত্নী এবং অত্র শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যগণ উপস্থিত থেকে গরীব ও দুঃস্থ শীতাত্ত মানুষদের মধ্যে কম্বল বিতরণ করেন। চট্টগ্রাম নৌ অঞ্চলের সকল প্রশাসনিক কর্তৃপক্ষসমূহ উক্ত জনহিতকর কাজে পৃষ্ঠপোষকতা করেন।



শীতবস্ত্র বিতরণ উপলক্ষে গরীব ও দুঃস্থ শীতাত্ত মানুষদের মধ্যে কম্বল বিতরণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলোয়া আকতার।



শীতবস্ত্র বিতরণ উপলক্ষে গরীব ও দুঃস্থ শীতাত্ত মানুষদের মধ্যে কম্বল বিতরণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলোয়া আকতার।



শীতবস্ত্র বিতরণ শেষে আলোকচিত্রে অংশগ্রহণ করেন অত্র শাখার চেয়ারম্যান আলোয়া আকতার, চেয়ারম্যান বিএন লেডিস ক্লাব, চট্টগ্রাম নৌ অঞ্চলের উর্দ্ধতন কর্মকর্তাগণের পত্নী এবং অত্র শাখার কার্যনির্বাহী সদস্যবৃন্দ।